




শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ১(এক)টি শূন্য প্রশাসনিক কর্মকর্তা পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী হইতে হইবে এবং সরকারি/আধাসরকারি/স্বায়তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসাবে ০৩(তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনা কাজে অভিজ্ঞ হইতে হইবে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৮-০১-২০১৮ তারিখের মধ্যে পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

  
২৫/০১/১৮